



ডেট্রয়েট পাবলিক স্কুল ছাত্র-ছাত্রীদের বাবা-মায়ের এবং/অথবা অভিভাবকদের জন্য

2006-07 স্কুল বর্ষে সমস্ত K-12 ছাত্র-ছাত্রীদের জন্য জেলাব্যাপী ডেট্রয়েট পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট একটা ড্রেস কোডের প্রবর্তন করেছে। এই পরিবর্তনের দরুন আমরা কিছু উপকার পাব বলে আশা করি। ছাত্র-ছাত্রীরা ফ্যাশনের থেকে শিক্ষার প্রতি বেশি মনোযোগ দেবে, আমরা যে আমাদের ছাত্র-ছাত্রীদের শিক্ষাগত মানের উন্নতি করার প্রচেষ্টা করছি তার জন্য এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। গবেষণা করে দেখানো হয়েছে যে এর ফলে ক্লাশের পরিবেশ শান্ত হয়। আরেকটা কারণ হচ্ছে এর দরুন বাবা-মায়ের "ব্যাক-টু-স্কুল" পোষাকের জন্য খরচ কমে যাবে। ড্রেস কোডের জিনিষপত্রগুলি খুব দামী নয় এবং যে কোন সস্তার এবং ব্যবহার করা জিনিষের দোকানে পাওয়া যাবে। এছাড়া যেহেতু স্কুল পোষাকে বৈচিত্র্য খুব সীমিত তাই আপনাকে প্রয়োজন মেটানোর জন্য অনেকগুলি পোষাক কিনতে হবে না।

ড্রেসকোড খুব সরল এবং বাচ্চা ও কিশোর-কিশোরীদের স্কুল পোষাকের জন্য একটা মৌলিক, বেশিরভাগ লোকের কাছে গ্রহণযোগ্য নির্দেশ অনুসরণ করে। আপনার সুবিধার জন্য ছাত্রছাত্রীরা যে সব পোষাক পড়ে আসতে পারে এবং পারে না তার বিবরণ নিচে দেয়া হয়েছে:

যে পোষাক পড়া চলবে...

টপস : লম্বা অথবা ছোট হাতা, সাদা, নীল, হলদে, গোলাপী অথবা কাল ব্লাউজ, শার্ট অথবা কলার লাগানো পোলো শার্ট অথবা একটা টার্টেলনেক শার্ট, যেটা সুন্দরভাবে কোমরে গাঁজা থাকবে।

কার্ডিগান অথবা মাথা-গলানো সোয়েটার এবং কোটের জন্য উল্লেখিত রং প্রযোজ্য-মাধ্যমিক এবং/অথবা উচ্চ মাধ্যমিক ছাত্র-ছাত্রীদের জন্য ছুড লাগানো গরম জামা অনুমোদিত নয়। লোগো অথবা ট্রেডমার্কের ব্যাসার্ধ এক ইঞ্চির কম হতে হবে। যেকোন মাপের DPS লোগো পড়া যাবে।

স্ল্যান্স, স্কার্ট, স্কটস, জাম্পার খাকী, নেভি নীল অথবা কালো রংয়ের হবে এবং কোমরের কোমরবন্ধ অথবা বেল্ট দিয়ে আটকাতে হবে। স্কার্ট স্কটস এবং জাম্পার অবশ্যই চারদিক দিয়ে হাঁটু পর্যন্ত লম্বা হবে।

জুতো : অবশ্যই সামনে পিছনে বন্ধ হবে, ফিতে লাগানো অথবা লোফারের মত। মিউল গ্রহণযোগ্য।

পরিচয় ব্যাজ: সমস্ত উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের নিজস্ব ক্যাম্পাসে অথবা অন্য ক্যাম্পাসে কোন অনুষ্ঠানের সময় অবশ্যই লাগাতে হবে।

ড্রেসকোডের বিষয়ে আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের প্রধান শিক্ষককে জিজ্ঞাসা করুন। আপনার যদি মনে হয় চিকিৎসাগত, ধার্মিক অথবা আর্থিক অনটনের কারণে ড্রেসকোড থেকে আপনার বাচ্চার রেহাই পাওয়া উচিত, তাহলে অনুগ্রহ করে আপনার লিখিত অনুরোধ প্রধান শিক্ষকের কাছে দাখিল করুন। সেটা পুনর্বিচার করা হবে।

আমার দৃঢ় বিশ্বাস যে আপনি আপনার সন্তানকে ড্রেসকোড নীতি অবলম্বন করতে সাহায্য করবেন যাতে না মানার জন্য তার বিরুদ্ধে সম্ভাব্য ব্যবস্থা নিতে না হয়, সুতরাং আমি আপনাদের অগ্রিম ধন্যবাদ জানাচ্ছি এই পরিবর্তন সমর্থন করার জন্য এবং উন্নত DPS-এর জন্য।

William F. Coleman, III

উইলিয়াম এফ. কোলম্যান III

জেনারেল সুপারইন্টেন্ডেন্ট / DPS

যে পোষাক পড়া চলবে না...

"পোষাক পড়া চলবে" তালিকায় যে পোষাকের উল্লেখ নেই। যেসব পোষাক শরীরের অংশ দেখায়, যে কোন রাতে শোবার পোষাক অথবা চটি, বাইরের পোষাক হিসাবে অন্তর্বাস পড়া, প্যান্ট এবং স্কার্ট যেগুলি কোমরের নিচে ঝোলে অথবা অসম্ভব টাইট।

দেহ অথবা পোষাকের ওপর মাদকদ্রব্য, মদ, তামাকের জিনিষ, যৌনক্রিয়া, কুকর্ম দলের কার্যকলাপ, হিংস্রতা অথবা ঘৃণা সংক্রান্ত বিবৃতি অথবা ছবি।

যে সব পোষাক অস্ত্র হিসাবে ব্যবহার করা যায় যেমন : চেনবেল্ট অথবা ওয়ালেট চেন অথবা ইম্পাত লাগানো জুতোর অগ্রভাগ এবং এই ধরনের অন্য জিনিষ।

মুখের অলংকার, দৃশ্যমান শরীরের ছিদ্র, জিভ এবং *নাক অবধি সীমিত নয়।

যে কোন চুলের রোলার, কার্লার, প্লাস্টিক ব্যাগ অথবা ঢাকনা, চুলের জাল, সোয়েটব্যাগ অথবা অন্য *শিরোভূষণ, অনুমোদিত ধার্মিক শিরোভূষণ ছাড়া।